গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(রাজস্ব শাখা)
www.sylhet.gov.bd

# সায়রাত মহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তি

(বিজ্ঞপ্তি নং-০১/১৪২৫ বাংলা সনের ইজারাযোগ্য ঘাসানিমহাল ও বাঁশমহালের তালিকা)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ০৫টি (পাঁচ) ঘাসানিমহাল এবং ০২টি (দুই) বাঁশমহাল ১৪২৫ বাংলা সনের দখল প্রদানের তারিখ হতে ১৪২৫ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত শিডিউল মোতাবেক আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

০২. ঘাসানিমহাল/বাঁশমহালসমূহের তথ্যাদি, শিডিউল ফরম এবং দরপত্রের বিস্তারিত শর্তাবলী বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর রাজস্ব শাখা এবং এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে সরেজমিন মহালসমূহের বাস্তব অবস্থা দেখে দরপত্র দাখিল করতে হবে।

| দরপত্র আহবানের পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র প্রাপ্তির স্থান/দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৬-০৪-২০১৮খ্রিঃ সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১৭-০৪-২০১৮খ্রিঃ মঙ্গলবার বেলা ২.০০ টা পর্যন্ত | ১৮-০৪-২০১৮খ্রিঃ বুধবার সকাল ১১.০০ টা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট। | |
| ২য় পর্যায় | ০৭-০৫-২০১৮খ্রিঃ সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ০৮-০৫-২০১৮খ্রিঃ মঙ্গলবার বেলা ২.০০ টা পর্যন্ত | ০৯-০৫-২০১৮খ্রিঃ বুধবার সকাল ১১.০০ টা | জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, সিলেট। | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত মহালের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৩য় পর্যায় | ২৮-০৫-২০১৮খ্রিঃ সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৯-০৫-২০১৮খ্রিঃ মঙ্গলবার বেলা ২.০০ টা পর্যন্ত | ৩০-০৫-২০১৮খ্রিঃ বুধবার সকাল ১১.০০ টা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), সিলেট। | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত মহালের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৪র্থ পর্যায় | ১৮-০৬-২০১৮খ্রিঃ সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১৯-০৬-২০১৮খ্রিঃ মঙ্গলবার বেলা ২.০০ টা পর্যন্ত | ২০-০৬-২০১৮খ্রিঃ বুধবার সকাল ১১.০০ টা | | ৩য় পর্যায়ে অ-ইজারাকৃত মহালের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৫ম পর্যায় | ০২-০৭-২০১৮খ্রিঃ সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ০৩-০৭-২০১৮খ্রিঃ মঙ্গলবার বেলা ২.০০ টা পর্যন্ত | ০৪-০৭-২০১৮খ্রিঃ বুধবার সকাল ১১.০০ টা | | ৪র্থ পর্যায়ে অ-ইজারাকৃত মহালের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৬ষ্ট পর্যায় | ২৩-০৭-২০১৮খ্রিঃ সোমবার বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৪-০৭-২০১৮খ্রিঃ মঙ্গলবার বেলা ২.০০ টা পর্যন্ত | ২৫-০৭-২০১৮খ্রিঃ বুধবার সকাল ১১.০০ টা | | ৫ম পর্যায়ে অ-ইজারাকৃত মহালের ক্ষেত্রে প্রযোজ্য। |

১৪২৫ বাংলা সনে ইজারাযোগ্য ঘাসানি ও বাঁশমহালের তালিকা

| ক্রঃ নং | উপজেলা | মহালের নাম | মৌজা | চলতি বছর সরকারি মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ |
| ০১. | গোয়াইনঘাট | তোয়াকুল রুস্তমপুর ঘাসানিমহাল | নয়াপাড়া বীরমঙ্গল হাওর গং | ১,১৩,৫৫৮/- | |
| ০২. | | লেংগুড়া ঘাসানিমহাল | সতীর হাওর গং | ২,৫৩৬/- | |
| ০৩. | কোম্পানীগঞ্জ | রণিখাই ঘাসানিমহাল | রণিখাই | ২১,৫২৫/- | |
| ০৪. | | তেলিখাল ঘাসানিমহাল | তেলিখাল | ৫,৫১৩/- | |
| ০৫. | | ইসলামপুর ঘাসানিমহাল | ইসলামপুর | ৭,১৬৭/- | |
| ০৬. | কানাইঘাট | সেনাতলপুঞ্জি বাঁশমহাল | সেনাতলপুঞ্জি | ২৮,৫২৮/- | |
| ০৭. | জৈন্তাপুর | লালাখাল পৈচা বাঁশমহাল | লালাখাল | ৩৪,২৮৮/- | |

## ইজারার শর্তাবলী

০১। নির্দিষ্ট ফরমে প্রতিটি মহালের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে। দরপত্র ফরমের প্রতিটি কলাম স্পস্টাক্ষরে যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। প্রতিটি দরপত্র ফরমের মূল্য ৫০০/- টাকা হারে প্রদান করতে হবে এবং ইহা অফেরতযোগ্য।

০৩। দরপত্রের সাথে সংশ্লিষ্ট মহালের ইজারামূল্যের ২০% (শতকরা হার) জামানত হিসেবে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে। জামানতের অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৪। দরপত্রের নির্দিষ্ট স্থানে দরপত্র দাখিলকারী স্বাক্ষর করবেন। দরপত্রে কোন কাটাছেঁড়া বা ঘষামাজা করা যাবে না।

০৫। সায়রাতমহালসমূহ সাময়িক ইজারা প্রদান করা হয়ে থাকে, তাই সায়রাত মহালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা দেয়া হবে। দরপত্র দাখিলকারীকে দরপত্র দাখিলের পূর্বে সরেজমিন পরিদর্শন করে মহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দরপত্র দাখিল করতে হবে। ইজারা প্রাপ্তির পর কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৬। ইজারা প্রাপ্তির জন্য দরপত্র দাখিলকারীকে তার নিজ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পূর্ণ নাম, পিতা/স্বামীর নামসহ যোগাযোগের ঠিকানা সম্বলিত জাতীয় পরিচয়পত্র এর মূল/সত্যায়িত কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারাপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে একসাথে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে সম্পূর্ণ ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

০৮। সরকারি নীতিমালা অনুযায়ী ইজারামূল্যের সাথে ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে।

০৯। ইজারা অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক ইজারা অনুমোদন হবার সাথে সাথে নিজ দায়িত্বে ইজারা চুক্তি সম্পাদন ও সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে মহালের দখল গ্রহণ করতে হবে। যথাসময়ে মহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না। লীজ চুক্তি সম্পন্ন ব্যতিত মহালের দখল হস্তান্তর করা হবে না।

১০। ইজারা গ্রহীতা ইজারা প্রাপ্ত মহাল কাহারও নিকট হস্তান্তর বা সাবলিজ প্রদান করতে পারবেন না। যদি সাবলিজ দেয়া হয়, তাহলে উক্ত মহালের ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করে মহালটি পুনরায় ইজারা প্রদান করা হবে।

১১। সম্পূর্ণ ইজারামূল্য, মূল্য সংযোজন কর ও আয়কর বাবদ অর্থ পরিশোধ ব্যতিত মহালের লিজ দলিল সম্পাদনসহ দখল প্রদান করা হবে না। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য কর যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে ইজারা প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান বাধ্য থাকবেন।

১২। সায়রাত মহাল ইজারা গ্রহণ করে কোন অজুহাত কিংবা আপত্তি দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না। ইতোপূর্বে মহালের উপস্বত্ব ভোগ করা হয়েছে এ সংক্রান্ত আপত্তি গ্রহণ করা হবে না।

১৩। খামের উপর উপজেলার নামসহ মহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৪। তালিকায় বর্ণিত বিস্তারিত তফসিল এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে জানা যাবে।

১৫। উপরে বর্ণিত তথ্যাদি ছাড়াও অন্য কোন বিষয় জানতে হলে তা সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

১৬। মহাল ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্য এ কার্যালয়ের রাজস্ব শাখা/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৭। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭.০৪.২০২৫

(মুহাম্মদ আশরাফুল আলম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সিলেট।
ফোন নং ০৮২১-৭১৩৯২২ (অঃ)

স্মারক নং-০৫.৪৬.৯১০০.০০৮.৬৮.০০৮.১১- ৮৩৮ (৩৯) তারিখঃ ০৯ এপ্রিল' ২০১৮ খ্রিঃ।

অনুলিপি-সদয় অবগতির জন্য ঃ

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি-সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য ঃ

৪। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ।

৫। পুলিশ সুপার, সিলেট।

৬। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট।

৭। জেলা সমবায় কর্মকর্তা, সিলেট।

৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট।

৯। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট।

১০। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিলেট।

১১। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।

১২। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................(সকল), সিলেট। সংযুক্ত বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডের মাধ্যমে তাৎক্ষণিকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট। তাঁকে বেতার মারফত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। তাঁকে মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।

১৬। সহকারী কমিশনার (ভূমি), ..........................................(সকল), সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং সংযুক্তির এক কপি জারি করে জারির প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৭। সম্পাদক, দৈনিক .......................................। এসাথে প্রেরিত বিজ্ঞপ্তি আপনার দৈনিক পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে (Single space) কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য জরুরি ভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৮। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য।

১৯। নোটিশ বোর্ড।

২০। অফিস নথি/মাস্টার নথি।

০৯.০৪.২০১৮

(মুহাম্মদ আশরাফুল আলম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সিলেট।
ফোন নং ০৮২১-৭১৩৯২২ (অঃ)